

PG CBCS
M.A. Semester-IV Examination, 2022
BENGALI
PAPER: BNG 405C
(রবীন্দ্র সাহিত্য পাঠ)

Full Marks: 40


Time: 2 Hours

বিভাগ-ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও।

8 X 2 = 16

- ১) 'শেষ সপ্তক' - এর কোন কবিতাগুলিকে পত্র - কবিতারূপে গন্য করা যায়? পত্রগুলির প্রাপকের নাম লেখো।
- ২) "তোমার প্রেমের দান দেওয়া হল বেদনায়
হারিয়ে তাই পেলেম তোমায় পূর্ণ করে"। - পঙ্ক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- ৩) 'গোরা' উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়? প্রকাশের সময়সীমা উল্লেখ করো।
- ৪) সুচরিতার পূর্বনাম কী ছিল? তাঁর পালক পিতার নাম কী?
- ৫) কাব্যনাট্য ও নাট্যকাব্যের মধ্যকার তিনটি পার্থক্য উল্লেখ করো।
- ৬) বঙ্গবাহন কে? তাঁর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৭) 'জীবন-মুষ্টি' -র প্রথম প্রকাশের পৃষ্ঠা সংখ্যা, মুদ্রণ সংখ্যা ও মূল্য উল্লেখ করো।



বিভাগ -খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও।

8 X 8 = 64


- ১) 'শেষ সপ্তক' কাব্যের কবিতাগুলিতে কবির জীবনদর্শনের বাণীই রূপলাভ করেছে। - বিশ্লেষণ করো।
- ২) 'সেদিন আমাদের ছিল খোলা সভা' (২০ সংখ্যক) কবিতায় ঔদাসীন্য ও বৈরাগ্যের অভিব্যক্তি কীভাবে প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও।
- ৩) 'খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়...' - গানটি কে গেয়েছিল? গানটি শুনে বিনয়ের তাৎক্ষণিক মনোভাব কেমন ছিল, তা লেখো। গানটি আবার তার মনে কখন উদয় হয়।

(P.T.O)

(২)

- ৪) "... ষোষণ-চরে আমাকে বোধহয় থেকে যেতে হবে -" - বক্তা কে? তার চর ষোষণ-চরে থেকে যেতে চাওয়ার কারণ সংক্ষেপে লেখো।
- ৫) 'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যে চিত্রাঙ্গদার মনস্তত্ত্ব সম্পর্কে আলোচনা করো।
- ৬) চিত্রাঙ্গদা নাট্যের সমাপ্তি অংশে নিছক প্রেমের আখ্যান থেকে রচনাটিকে ভিন্ন মাত্রায় উন্নীত করে- আলোচনা করো।
- ৭) জীবনশ্রুতিতে কতটা অংশে শ্রুতিচারণা করেছেন? পরবর্তী জীবনের কথা এর সঙ্গে যুক্ত হয়নি কেন? এই প্রশ্নে রবীন্দ্রভাবনার সংযোগ কতখানি?

বিভাগ-গ



যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও।

৮ X ২ = ১৬

- ১) 'শেষ সপ্তক' কাব্যগ্রন্থে গদ্যছন্দের ব্যবহার কবিতাগুলিকে যে অভিব্যক্তির দীপ্তিতে সাজিয়ে তুলেছে সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ২) মহাকাব্যিক উপন্যাস হিসেবে 'গোরা'-র সার্থকতা বিচার করো।
- ৩) কাব্যনাট্য হিসাবে 'চিত্রাঙ্গদা'র শিল্পসার্থকতা বিচার করো।
- ৪) 'জীবনশ্রুতি'-তে তখনকার পরিস্থিতি এখনকার অনুভূতির আলোকে বর্ণিত- মন্তব্যটি বিচার করো।
